রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৩ সনের ৪০ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, অক্টোবর ৩, ২০১৩

সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৬৪১—৬৫৯ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১২৩৭—১২৬৪ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ২২৯—২৩৯ |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১২৬৫—১৩১৪ |

| | পৃষ্ঠা নং |
|---|---|
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারী ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ৬৭ |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ..............ইং তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**অর্থ মন্ত্রণালয়**
**ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**পরিচালনা পর্ষদ ও সমন্বয় অধিশাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ১৬ জুলাই ২০১৩

**নং ৫৩.০০১.০১১.০০.০০.০১৭.২০০৮-৩১৪**—পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন-এর মেমোরান্ডাম এন্ড আর্টিকেলস্ অব এসোসিয়েশনের বিধান মোতাবেক বাংলাদেশ ইনস্টিটিউট অব ডেভেলপমেন্ট স্টাডিজ এর সিনিয়র রিসার্চ ফেলো ড. প্রতিমা পাল মজুমদার-কে তাঁর বর্তমান নিয়োগের মেয়াদ সমাপনান্তে ১৮-৭-২০১৩ তারিখ হতে আরো ৩ (তিন) বছরের জন্য উক্ত ফাউন্ডেশনের সাধারণ পর্ষদ ও পরিচালনা পর্ষদের সদস্য হিসেবে পুনঃমনোনয়ন দেয়া হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ, ২৩ জুলাই ২০১৩

**নং ৫৩.০০১.০১১.০০.০০.০০৮.২০০৮-৩১৮**—রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক অধ্যাদেশ, ১৯৮৬ এর ৭ ধারার বিধান মোতাবেক রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ব্যবস্থাপনা বিভাগের অধ্যাপক ড. এম. শাহ্ নওয়াজ আলি-কে রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের পরিচালনা পর্ষদের পরিচালক ও চেয়ারম্যান হিসেবে তাঁর বর্তমান নিয়োগের মেয়াদ সমাপনান্তে আরও ৩ (তিন) বছরের জন্য নিয়োগ প্রদান করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ রিজওয়ানুল হুদা**
উপ-সচিব।

**[ একই নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত হবে ]**

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**অধিশাখা-২(কর)**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৩ সেপ্টেম্বর ২০১৩

**নং ০৮.০০.০০০০.০৩৭.০৪.০৫৫.১৩-৫২৮**—আদিষ্ট হয়ে, জাতীয় রাজস্ব বোর্ডের অধীনস্থ কর বিভাগের কর পরিদর্শক পদের বেতন স্কেল জাতীয় বেতন স্কেল ২০০৯ অনুযায়ী ৬৪০০—১৪২৫৫ টাকা (১১ নং গ্রেড) হতে ৮০০০—১৬৫৪০) টাকা (১০ নং গ্রেড) স্কেলে নিম্নোক্ত শর্তে উন্নীতকরণে সম্মতি জ্ঞাপন করা হলো ঃ

(ক) উন্নীত বেতন স্কেলের সুবিধা ২৮-৫-২০০৯ তারিখ থেকে বেতন নির্ধারণের ক্ষেত্রে প্রযোজ্য হবে, আদেশ জারির তারিখের পূর্বের বকেয়া প্রদেয় হবে না;

(খ) কর পরিদর্শক পদের পদমর্যাদা ও বেতন স্কেল উন্নীত করার ফলে এ পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণীর স্নাতক বা সমমানের ডিগ্রির বিধান সংশ্লিষ্ট নিয়োগ বিধিতে সন্নিবেশিত করে নিয়োগবিধি সংশোধন করতে হবে;

(গ) বেতন স্কেল উন্নীতকরণের ফলে অতিরিক্ত সহকারী কর কমিশনার ও কর পরিদর্শক পদের পদমর্যাদা ও বেতন স্কেল এক হওয়ার কারণে অতিরিক্ত সহকারী কর কমিশনার পদের বেতন স্কেল উন্নীত করার প্রস্তাব করা যাবে না; এবং

(ঘ) অতিরিক্ত সহকারী কর কমিশনার এবং কর পরিদর্শকদের জ্যেষ্ঠতা তালিকায় অতিরিক্ত সহকারী কর কমিশনারগণ পরিদর্শকদের উপরে থাকবেন।

২। এতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ৩০-১১-১৯৯৫ তারিখের সম(বিধি-২)পদোন্নতি-২৪/৯৪-২০৩ ও অর্থ বিভাগের ১-৭-২০১০ তারিখের অম/অবি/(বাস্ত-৫)/অসবি/০৪/২০০৯/৭৪ নং স্মারকে সম্মতি জ্ঞাপন করা হয়েছে।

**মোঃ আব্দুল মান্নান ইলিয়াস**
উপসচিব।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**

**আইন ও বিচার বিভাগ**

**বিচার শাখা-৬**

**আদেশাবলী**

তারিখ, ১১ জুলাই ২০১৩

**নং আর-৬/৭এন-৪৭/২০১৩-৪২৫—১৯৬১** সালের নোটারী অধ্যাদেশ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট জনাব মুহাম্মদ ইজলাল আজগর আল আলভী, পিতা মরহুম জনাব মুহাম্মদ হাছান আলী আল আলভীকে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্তে এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বৎসরের মেয়াদে নোটারীরূপে নিয়োগ করা হইল ঃ

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে তিনি কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে তিনি উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন।

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালার ১৯নং ফরমে তিনি প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাতে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ণ) সরকারের নিকট পেশ করিবেন।

তারিখ, ১৫ জুলাই ২০১৩

**নং আর-৬/৭এন-৪৫/২০১৩-৪৩৬—১৯৬১** সালের নোটারী অধ্যাদেশ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে চট্টগ্রাম জেলার আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট জনাব এ, কে, এম রুহুল আমীন, পিতা মরহুম জনাব মোঃ নূর উল্লাহ মিয়াকে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্তে এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বৎসরের মেয়াদে নোটারীরূপে নিয়োগ করা হইল ঃ

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে তিনি কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে তিনি উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন।

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালার ১৯নং ফরমে তিনি প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাতে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ণ) সরকারের নিকট পেশ করিবেন।

**নং আর-৬/৭এন-৪৬/২০১৩-৪৩৭—১৯৬১** সালের নোটারী অধ্যাদেশ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলার আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট জনাব মোঃ মুজীবুর রহমান (সম্রাট), পিতা মরহুম জনাব মোঃ মুতীউর রহমানকে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্তে এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বৎসরের মেয়াদে নোটারীরূপে নিয়োগ করা হইল ঃ

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটরীরূপে তিনি কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে তিনি উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন।

(খ) ১৯৬৪ সনের নোটরী বিধিমালার ১৯নং ফরমে তিনি প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাতে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ণ) সরকারের নিকট পেশ করিবেন।

তারিখ, ১৮ জুলাই ২০১৩

**নং আর-৬/৭এন-৫৩/২০১৩-৪৪৩—১৯৬১** সালের নোটারী অধ্যাদেশ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট জনাব মোঃ তারিকুল ইসলাম, পিতা মরহুম জনাব আব্দুল কাদের

মিয়াকে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্তে এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বৎসরের মেয়াদে নোটারীরূপে নিয়োগ করা হইল ঃ

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে তিনি কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে তিনি উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন।

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালার ১৯নং ফরমে তিনি প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাতে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ণ) সরকারের নিকট পেশ করিবেন।

**নং আর-৬/৭এন-৫২/২০১৩-৪৪৪**—১৯৬১ সালের নোটারী অধ্যাদেশ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট জনাব মোঃ মোজাম্মেল হোসেন, পিতা জনাব এম, এ রাজ্জাককে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্তে এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বৎসরের মেয়াদে নোটারীরূপে নিয়োগ করা হইল ঃ

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে তিনি কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে তিনি উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন।

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালার ১৯নং ফরমে তিনি প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাতে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ণ) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মিজানুর রহমান খান**
উপসচিব (প্রশাসন)।

---

**বিচার শাখা-৭**

**আদেশাবলী**

তারিখ, ১৪ জুলাই ২০১৩

**নং বিচার-৭/২এন-২৯/৯৫(অংশ)-৬০১**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব মোঃ অলি উল্লাহ ভূঁইয়া, পিতা মোঃ এবায়দুল হক ভূঁইয়া, সাং মধ্যম আশ্রাফপুর, পোঃ কুমিল্লা-৩৫০০, উপজেলা সদর দক্ষিণ, জেলা কুমিল্লা) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে কুমিল্লা সিটি কর্পোরেশনের ২১ নং ওয়ার্ড এলাকায় বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

**নং বিচার-৭/২এন-৯২/৮৬-৬০২(১)**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব মোঃ মাহবুবুল আলম, পিতা মোঃ মোখলেছুর রহমান, মহল্লা জোরবাড়ীয়া, ওয়ার্ড নং ৯, ফুলবাড়ীয়া পৌরসভা, ফুলবাড়ীয়া, জেলা ময়মনসিংহ) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ময়মনসিংহ জেলার ফুলবাড়ীয়া পৌরসভার সৃষ্ট নতুন অধিক্ষেত্র ৭, ৮ ও ৯ নং ওয়ার্ড এলাকায় বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

**নং বিচার-৭/২এন-৯২/৮৬-৬০২(২)**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব মোঃ গোলাম মোস্তফা, পিতা কাজী মোঃ নূরুল আমীন, মহল্লা পেয়াজ মহল, ফুলবাড়ীয়া বাজার, ওয়ার্ড নং ৩, ডাকঘর+উপজেলা ফুলবাড়ীয়া, জেলা ময়মনসিংহ) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ময়মনসিংহ জেলার ফুলবাড়ীয় পৌরসভার সৃষ্ট নতুন অধিক্ষেত্র ১, ২ ও ৩ নং ওয়ার্ড এলাকায় বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

তারিখ, ১০ জুলাই ২০১৩

**নং বিচার-৭/২এন-১৩/২০১৩-৬০৩**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব শুভাশীষ মুন্সী, পিতা মলয় কিশোর মুন্সী, সাং জগন্নাথ পাড়া,

ডাকঘর শেরপুর, উপজেলা শেরপুর, জেলা বগুড়া) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে বগুড়া জেলার শেরপুর উপজেলার জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

তারিখ, ১৪ জুলাই ২০১৩

**নং বিচার-৭/২এন-১৩/২০১৩-৬০৪**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব অরুন কুমার সরকার, পিতা মৃত বিনয় কুমার সরকার, সাং তালশন, ডাকঘর আদমদিঘী, উপজেলা আদমদিঘী, জেলা বগুড়া) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে বগুড়া জেলার আদমদিঘী উপজেলার জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

**নং বিচার-৭/২এন-২২/২০১৩-৬০৬**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব অরবিন্দু চন্দ্র দাস, পিতা মৃত নিতাই চন্দ্র দাস, গ্রাম+ডাকঘর বালিয়াটী, উপজেলা সাটুরিয়া, জেলা মানিকগঞ্জ) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে মানিকগঞ্জ জেলার সাটুরিয়া উপজেলার জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

তারিখ, ১৫ জুলাই ২০১৩

**নং বিচার-৭/২এন-১৩/২০১৩-৬১১**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব অসিত কুমার কুন্ডু, পিতা শ্রী মৃগেন্দ্র নাথ কুন্ডু, সাং দড়িহাসঁরাজ, ডাকঘর হরিখালী, উপজেলা সোনাতলা, জেলা বগুড়া) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে বগুড়া জেলার সোনাতলা উপজেলার জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

তারিখ, ১৪ জুলাই ২০১৩

**নং বিচার-৭/২এন-২২/২০১৩-৬১২**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব অতুল কুমার নন্দী, পিতা মৃত গোপাল নাথ নন্দী, সাং বরংগাইল, ডাকঘর বরংগাইল, উপজেলা শিবালয়, জেলা মানিকগঞ্জ) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে মানিকগঞ্জ জেলার শিবালয় উপজেলার জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

**নং বিচার-৭/২এন-২২/২০১৩-৬১৩**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব সমীর কুমার চন্দ, পিতা জ্যোতিশর্মা চন্দ, সাং মান্দারতা, ডাকঘর চতমিরপুর, উপজেলা দৌলতপুর, জেলা মানিকগঞ্জ) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে মানিকগঞ্জ জেলার দৌলতপুর উপজেলার জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

তারিখ, ১৬ জুলাই ২০১৩

**নং বিচার-৭/২এন-৪০/২০১৩-৬২০**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব রনজিৎ কুমার বর্মন, পিতা মৃত রামমোহন বর্মন, গ্রাম দক্ষিণ বত্রিশ হাজারী, ডাকঘর আদিতমারী, উপজেলা আদিতমারী, জেলা লালমনিরহাট) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে লালমনিরহাট জেলার আদিতমারী উপজেলার জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

**নং বিচার-৭/২এন-৪০/২০১৩-৬২১**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব গোবিন্দ চক্রবর্তী, পিতা মৃত হরেন্দ্র নাথ চক্রবর্তী, গ্রাম পূর্বনওদাবাস, ডাকঘর নওদাবাস, উপজেলা হাতিবান্ধা, জেলা লালমনিরহাট) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে লালমনিরহাট জেলার হাতিবান্ধা উপজেলার জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

তারিখ, ২২ জুলাই ২০১৩

**নং বিচার-৭/২এন-৩৪/২০১৩-৬২৯**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব সাগর কুমার মৈত্র, পিতা কার্তিক কুমার মৈত্র, গ্রাম চক গোবিন্দ (পুরাতন বন্দরী), ডাকঘর গোবিন্দগঞ্জ, উপজেলা গোবিন্দগঞ্জ, জেলা গাইবান্ধা) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে গাইবান্ধা জেলার গোবিন্দগঞ্জ উপজেলার জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

তারিখ, ২৩ জুলাই ২০১৩

**নং বিচার-৭/২এন-৩৪/২০১৩-৬৩৯**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব বীথি রানী রায়, পিতা ফণী ভূষণ বর্মন, রাস্তা নং/নাম ১/১, স্কুল লেন, মধ্যপাড়া, ডাকঘর+উপজেলা গাইবান্ধা সদর, জেলা গাইবান্ধা) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে গাইবান্ধা জেলার সদর উপজেলার জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

**নং বিচার-৭/২এন-২২৪/৭৭-৬৪০**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব মোঃ আব্দুল্লাহ আল মামুন, পিতা মোঃ রমিজ উদ্দীন, মাতা মৃত সাফিয়া বেগম, গ্রাম নাগের চর, ডাকঘর+উপজেলা আড়াইহাজার, জেলা নারায়ণগঞ্জ) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নারায়ণগঞ্জ জেলার আড়াইহাজার উপজেলার আড়াইহাজার পৌরসভা এলাকায় বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

**নং বিচার-৭/২এন-৯৪/৭৯-৬৪১**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব মোঃ মজিবুর রহমান, পিতা মৃত জহুরুল হক, মাতা মোছাঃ আয়শা বেগম, গ্রাম কাগমারা, ডাকঘর টাংগাইল, থানা ও জেলা টাংগাইল) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে টাংগাইল জেলার সদর পৌরসভা ৩ ও ৫ নং ওয়ার্ড এলাকায় বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

তারিখ, ২৪ জুলাই ২০১৩

**নং বিচার-৭/২এন-৪৪/২০১৩-৬৪২**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব তমাল কান্তি বৈদ্য, পিতা মৃত রাইমোহন বৈদ্য, গ্রাম বনরুপাপাড়া, বান্দরবান পৌরসভা, বান্দরবান সদর, বান্দরবান পার্বত্য জেলা) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে বান্দরবান পার্বত্য জেলার সদর উপজেলার জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

**মোঃ হেমায়েত উদ্দিন**
সিনিয়র সহকারী সচিব।

---

**তথ্য মন্ত্রণালয়**
**টিভি-২ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৫ আষাঢ় ১৪২০/৯ জুলাই ২০১৩

**নং তম/টিভি-২/৩পি-১/২০০৯/৪৮৮**—আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতর এবং ঈদ-উল-আযহা উপলক্ষে বাংলাদেশ টেলিভিশনে প্রদর্শনের লক্ষ্যে জমাকৃত প্যাকেজ অনুষ্ঠান যাচাই-বাছাইয়ের জন্য নিম্নবর্ণিতভাবে "বিশেষ প্রিভিউ কমিটি" গঠন করা হল ঃ

**সভাপতি**

(১) মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।

**সদস্যবৃন্দ**

(২) যুগ্ম-সচিব (সম্প্রচার), তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(৩) উপ-মহাপরিচালক (অনুষ্ঠান), বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।

(৪) জনাব হুমায়ুন চৌধুরী

(৫) জনাব রামেন্দু মজুমদার

(৬) জনাব মাসুদ আলী খান

(৭) জনাব নাদের চৌধুরী

(৮) জনাব আব্দুর রহমান

(৯) এডভোকেট মোঃ আফজাল হোসেন

(১০) জনাব ঝুনা চৌধুরী

(১১) বেগম এলিজা আলম

(১২) জনাব নাজমুল ইসলাম তুহিন

(১৩) বেগম আতিয়া খান কেয়া

(১৪) মিসেস আশরাফুন্নেসা পারুল

**সদস্য-সচিব**

(১৫) জনাব কাজী আশরাফ উদ্দীন, পরিচালক (অর্থ), বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।

২। **কার্যপরিধি ঃ**

(ক) কমিটি আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতর এবং ঈদ-উল-আযহা উপলক্ষে বিটিভিতে প্রদর্শনের লক্ষ্যে জমাকৃত প্যাকেজ অনুষ্ঠান (নাটক, টেলিফিল্ম, ম্যাগাজিন অনুষ্ঠানসহ অন্যান্য অনুষ্ঠান এবং চলচ্চিত্র) যাচাই-বাছাই করে মান অনুযায়ী প্রয়োজনীয় সংখ্যক অনুষ্ঠান নির্বাচন করবে;

(খ) কমপক্ষে ৬ (ছয়) সদস্যের উপস্থিতিতে কমিটির কোরাম পূর্ণ হবে;

(গ) ২০১৩ সালের (পবিত্র ঈদ-উল-ফিতর এবং ঈদ-উল-আযহার জন্য) অক্টোবর পর্যন্ত এ কমিটি কার্যকর থাকবে;

(ঘ) কমিটি প্রয়োজন অনুসারে প্রতিদিন দুই অথবা তিন শিফটে অনুষ্ঠান অবলোকন করবে।

৩। কমিটির সদস্যরা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে বিটিভি'র জন্য ঈদের কোন অনুষ্ঠান নির্মাণ ও পরিচালনার সঙ্গে যুক্ত থাকতে পারবেন না।

৪। বিশেষ অনুষ্ঠান নির্বাচনের ক্ষেত্রে কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে, যা আপীলযোগ্য নয়।

৫। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**গাজী মোঃ আলী আকবর**
উপসচিব।

**চলচ্চিত্র শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৮ আষাঢ় ১৪২০/২ জুলাই ২০১৩

**নং তম/চলচ্চিত্র-৪/২০০৯/৪৯৯**—তথ্য মন্ত্রণালয়ের পূর্ববর্তী প্রজ্ঞাপন নং তম/চলচ্চিত্র-৪/২০০৯/৪১৩, তারিখঃ ৪ জুলাই ২০১২ বাতিলক্রমে The Censorship of Films Act, 1963 (The Censorship of Films (Amendment) Act, 2006) এর ৩ ধারা এবং The Bangladesh Censorship of Films Rules, 1977 এর ৪ বিধি মোতাবেক ১ (এক) বছরের জন্য নিম্নোক্তভাবে বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড গঠন করা হলো ঃ

**চেয়ারম্যান**

(১) সচিব, তথ্য মন্ত্রণালয়।

**সদস্যবৃন্দ**

(২) মাননীয় প্রধানমন্ত্রীর প্রেস সচিব।

(৩) যুগ্ম-সচিব (উন্নয়ন), তথ্য মন্ত্রণালয়।

(৪) যুগ্ম-সচিব, আইন ও বিচার বিভাগ (উক্ত বিভাগ কর্তৃক মনোনীত)।

(৫) যুগ্ম-সচিব (রাজনৈতিক), স্বরাষ্ট্র মন্ত্রণালয় (উক্ত মন্ত্রণালয় কর্তৃক মনোনীত)।

(৬) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন।

(৭) জনাব আব্দুল জব্বার, মুক্তিযোদ্ধা ও সংগীত ব্যক্তিত্ব।

(৮) জনাব আব্দুর রাজ্জাক, চলচ্চিত্র অভিনেতা ও পরিচালক।

(৯) জনাব শহিদুল ইসলাম খোকন, সভাপতি, বাংলাদেশ চলচ্চিত্র পরিচালক সমিতি।

(১০) জনাব মিজ রোকেয়া রফিক বেবী, সাংস্কৃতিক ব্যক্তিত্ব।

(১১) কাজী রোজী কবি।

(১২) জনাব আলতাফ মাহমুদ, সাংবাদিক।

(১৩) জনাব মোঃ ইফতেখারউদ্দিন (নওশাদ), চলচ্চিত্র প্রযোজক, পরিবেশক ও প্রদর্শক।

(১৪) মিজ সারমিন জাহান মেরী, সমাজ সেবক।

**সদস্য-সচিব**

(১৫) ভাইস-চেয়ারম্যান, বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড।

২। এ বোর্ডের কার্যক্রম The Censorship of Films Act, 1963 (The Censorship of Films (Amendment) Act, 2006), The Bangladesh Censorship of Films Rules, 1977 এবং The Code for Censorship of Films in Bangladesh 1985 অনুসারে পরিচালিত হবে।

৩। বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড কর্তৃক আয়োজিত সেন্সর শো'র শতকরা ৭৫ ভাগ শো-তে সদস্যদের উপস্থিত থাকা আবশ্যক। পরপর ৩ (তিন) টি শোতে যুক্তিসংগত কারণ ছাড়া অনুপস্থিত থাকলে সদস্য পদ বাতিল বলে গণ্য হবে।

৪। জনস্বার্থে জারিকৃত এ আদেশ ৮ জুলাই ২০১৩ তারিখ থেকে কার্যকর হবে।

**মোঃ নজরুল ইসলাম**
সহকারী সচিব।

**[ একই নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত আদেশ ]**

**পরিবেশ ও বন মন্ত্রণালয়**
**পরিকল্পনা শাখা-৫**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২০ জুন ২০১৩

**নং পবম/পরিশা-৫/২৬৪/২০০৮/(অংশ-৪)/৮৫**—পরিবেশ ও বন মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন পরিবেশ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "Clean Air and Sustainable Environment (CASE)" শীর্ষক প্রকল্পের পরিবেশ অধিদপ্তর অংগের আওতায় সকল দ্রব্য (Goods), কার্য (Works), ও সেবা (Services) প্রকিউরমেন্টের লক্ষ্যে টেন্ডার/প্রস্তাব মূল্যায়ন কমিটি নিম্নরূপে পুনর্গঠন করা হল ঃ

**আহ্বায়ক**

(১) উপ-প্রধান, পরিবেশ ও বন মন্ত্রণালয়।

**সদস্যবৃন্দ**

(২) সহকারী প্রধান, পরিকল্পনা শাখা-৫, পরিবেশ ও বন মন্ত্রণালয়।

(৩) পরিচালক (প্রশাসন ও অর্থ), গণযোগাযোগ অধিদপ্তর, ঢাকা।

(৪) নির্বাহী প্রকৌশলী, বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক), শিল্প মন্ত্রণালয়, তেজগাঁও, ঢাকা।

(৫) উপ-পরিচালক (প্রোগ্রাম প্ল্যানিং), কেস প্রকল্প, পরিবেশ অধিদপ্তর, ঢাকা।

**সদস্য-সচিব**

(৬) উপ-পরিচালক (বায়ুমান ব্যবস্থাপনা সেল), পরিবেশ অধিদপ্তর, ঢাকা।

**কমিটির কার্যপরিধি ঃ**

কমিটির সদস্যগণ নিজ নিজ দায়িত্বে আইন, বিধিমালা এবং আবেদনপত্র, বা প্রস্তাব দলিলের বিধান ও শর্তাদি অনুসরণক্রমে ঃ

(ক) আবেদনপত্র, দরপত্র, আগ্রহ ব্যক্তকরণপত্র বা প্রস্তাব পরীক্ষা ও মূল্যায়ন করিবেন।

(খ) সুপারিশসহ একটি মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত করিবেন।

(গ) মূল্যায়ন প্রতিবেদন যথাবিধি অনুমোদনকারী কর্তৃপক্ষের নিকট প্রেরণ করবেন।

(ঘ) কমিটি প্রয়োজনে এক বা একাধিক কর্মকর্তা কো-অপ্ট করতে পারবেন।

**সুজয় চৌধুরী**
সহকারী প্রধান।

---

**প্রতিরক্ষা মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২০ আষাঢ় ১৪২০/৪ জুলাই ২০১৩

**নং প্রম/সা-১/০২/ডি-৭/খন্ড-১/৪১৫**—বাংলাদেশ বিমান বাহিনীর ঘাঁটি কুর্মিটোলা-এর নাম পরিবর্তন করে বাংলাদেশ "বিমান বাহিনী ঘাঁটি বঙ্গবন্ধু (BAF BASE BANGABANDHU)" নামকরণ করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শামীম আল মামুন**
উপ-সচিব।

**ভূমি মন্ত্রণালয়**

**অধিগ্রহণ শাখা-০২**

**এল, এ কেস নং ০৪/৭৭-৭৮**

**ঘ-ফরম**

**সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা মোতাবেক নোটিশ**

তারিখ, ১৯ জুন ২০১৩

**নং ৩১.০০.০০০০.০৪৮.৩৪.০০৫.১৩-১৬৯**—যেহেতু নিম্ন-তফসিল বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সনের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইন, (১৯৪৮ সনের ১৩ নং আইন) এর ৩ ধারা মোতাবেক ০১-০২-৭৮ তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হইয়াছে; এবং

যেহেতু, উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রহিয়াছে এবং যেহেতু উক্ত আইনের ৫ ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন;

সেহেতু, উক্ত আইনের ৫ ধারার ৭ উপ-ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাইতেছে যে, নিম্নতফসিল বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হইল ঃ

**তফসিল**

মৌজা খোন্দকারপুর, জেএল নং ০৬, উপজেলা সদর, জেলা লক্ষ্মীপুর।

খাস ডি এস পূর্ণ দাগ ৩২৭, ৩৭৬, ৩৮৭, ৪৫৮। জমির পরিমাণ কম বা বেশী ০.৮৩ একর।

খাস ডি এস আংশিক দাগ ৩৩৭, ৪০৪, ৪৫৩, ৪৭৪। জমির পরিমাণ কম বা বেশী ০.০৮ একর।

ব্যক্তিমালিকানাধীন ডি এস আংশিক দাগ ২৯৯(দ:অং), ৩১৮(দ:অং), ৩২২(দ:অং), ৩২৩ (দ:অং), ৩২৬(দ:অং), ৩২৮(উ:অং), ৩৩৫(উ:অং), ৩৩৬(উ:প:অং), ৩৩৮(পূ:অং), ৩৬৮(দ:অং), ৩৬৯(দ:অং), ৩৭০(দ:অং), ৩৭১(দ:অং), ৩৭২(দ:অং), ৩৭৩(দ:অং), ৩৭৪(দ:অং), ৩৭৫(দ:অং), ৩৭৭(দ:অং), ৩৭৮(দ:অং), ৩৮৩(পূ:অং), ৩৮৪(পূ:অং), ৩৮৫(পূ:অং), ৩৮৬(পূ:অং), ৩৮৮(প:অং), ৩৮৯(প:অং), ৪৫২(দ:অং), ৪৫৪(দ:অং), ৪৫৬(দ:পূ:অং), ৪৫৭(পূ:অং), ৪৫৯(দ:অং), ৪৬১(দ:অং), ৪৬৮(দ:অং), ৪৬৯(দ:অং), ৪৭১(প:অং)।

জমির পরিমাণ কম বা বেশী ৩.১৩ একর।

মোট জমির পরিমাণ (৩.১৩+০.৮৩+০.০৮)=৪.০৪ একর।

জমির নক্সা ভূমি হুকুম দখল শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, লক্ষ্মীপুর অফিসে দেখা যাইতে পারে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**পারভীন আক্তার**
উপ-সচিব।

**অধিগ্রহণ শাখা-১**

**ঘ-ফরম**

**সম্পত্তি হুকুম দখলের জন্য ৫ (৭) ধারা মোতাবেক নোটিশ**

তারিখ, ২৭ জুন ২০১৩

নং ৩১.০০.০০০০.০৪৭.৩৪.০১৯.১৩-১৭৭—যেহেতু, নিম্নতফসিলে বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরী) অধিগ্রহণ আইন, (১৯৪৮ সালের ১৩ নং আইন) এর ৩ ধারা মোতাবেক ৪-১-৮২ তারিখের আদেশ দ্বারা অধিগ্রহণ করা হইয়াছে; এবং

যেহেতু, উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ অধিগ্রহণের আওতাধীন রহিয়াছে; এবং

যেহেতু, উক্ত আইনের ৫ ধারা (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখল করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন;

সেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারার প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানান যাইতেছে যে, নিম্নতফসিলে বর্ণিত উক্ত অধিগ্রহণকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক হুকুম দখল করা হইল।

**তফসিল**

মৌজা ইসলামপুর, জে, এল, নং ১৬৪, উপজেলা মিঠাপুকুর, রংপুর।

দাগ নং আংশিক ৬৩৩ এবং ৬৩৪।

মোট জমি ০.৩৩ একর।

জমির নক্শা ভূমি হুকুম দখল অফিস দেখা যাইতে পারে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মতিয়ার রহমান**
উপ-সচিব।

---

**অধিগ্রহণ শাখা-২**

**এল, এ, কেস নং ০২/১৯৬৮-৬৯**

**সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা মোতাবেক নোটিশ**

তারিখ, ৯ জুলাই ২০১৩

**নং ৩১.০০.০০০০.০৪৮.৩৪.০৭৫.১৩-১৯০**—যেহেতু, নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সালের সম্পত্তি(জরুরি) হুকুম দখল আইন, (১৯৪৮ সনের ১৩ নং আইন) এর ৩ ধারা মোতাবেক ২৪-১০-১৯৬৮ খ্রিঃ তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হয়েছে; এবং

যেহেতু, উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রয়েছে এবং যেহেতু, উক্ত আইনের ৫ (৫) ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন।

সেহেতু, উক্ত আইনের ৫ (৭) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাচ্ছে যে, নিম্নতফসিল বর্ণিত উক্ত হুকুমদখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হলো :

**তফসিল**

জেলা ঝালকাঠি, উপজেলা ঝালকাঠি সদর, মৌজা উত্তর কিস্তাকাঠী, জে, এল নং ১৩৭।

| খতিয়ান নং | দাগ নং | আংশিক/ পূর্ণ | অধিগ্রহণ জমির পরিমাণ (একর) | |
|---|---|---|---|---|
| | | | একর | শতাংশ |
| ১৭ | ৬০৪ | আংশিক | ০ | ১৯.৫ |

মোট জমির পরিমাণ ০.১৯৫ একর

জমির নক্শা (এল, এ প্লান) জেলা প্রশাসক, ঝালকাঠি এর কার্যালয়ের ভূমি অধিগ্রহণ শাখায় দেখা যেতে পারে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**পারভীন আক্তার**
উপ-সচিব।

---

**মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়**

**শাখা সেল**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ১৭ আষাঢ় ১৪২০/১ জুলাই ২০১৩

**নং মশিবিম/শা-সেল/পরিঃ পরিষদ-২/২০০১(অংশ-১)-৩০২**—জাতীয় মহিলা সংস্থার আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯ নং আইন এর ৮(১) ধারা মোতাবেক নিম্নবর্ণিত সদস্য-সমন্বয়ে জাতীয় মহিলা সংস্থার পরিচালনা পরিষদ পূণর্গঠন করা হলো ঃ

**চেয়ারম্যান**

(১) অধ্যাপক মমতাজ বেগম
চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা, ঢাকা।

**ভাইস-চেয়ারম্যান**

(২) পরিচালনা পরিষদের সদস্যগণ কর্তৃক বিধিদ্বারা নির্ধারিত পদ্ধতিতে নির্বাচিত একজন ভাইস-চেয়ারম্যান।

**সদস্যবৃন্দ**

(৩) প্রত্যেক বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষিকাগণের মধ্য হতে ০২(দুই) জন করে বিধিদ্বারা নির্ধারিত পদ্ধতিতে নির্বাচিত সদস্য।

(৪) সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে স্বীকৃত মহিলা সংগঠনসমূহ হতে বিধিদ্বারা নির্ধারিত পদ্ধতিতে নির্বাচিত পাঁচজন সদস্য।

(৫) ফজিলাতুননেসা বাপ্পি, ওয়েষ্টার্ন গ্লোরী, বাড়ী নং ২০৩, রোড নং ১০-এ, ধা/আ/এ, ঢাকা।

(৬) বেগম ফরিদা খানম সাকি, বাড়ী নং ৩৪, ফ্ল্যাট নং ৩০২, ৯/এ, ধা/আ/এ, ঢাকা।

(৭) প্রফেসর ফেরদৌসী বেগম, ৫৬ নর্থ রোড, ফ্ল্যাট-৬সি/, ঢাকা-১২০৫।

(৮) মঞ্জু নাজনীন এ্যাডভোকেট, বেইলী ভীসতা, ৬ সিদ্ধেশ্বরী রোড, রমনা, ঢাকা।

(৯) বনশ্রী বিশ্বাস স্মৃতি কনা, ৪২ ঋষিকেশ দাস রোড, এক্রামপুর, সূত্রাপুর, ঢাকা-১১০০।

(১০) যুগ্ম-সচিব (সমন্বয়), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।

(১১) যুগ্ম-সচিব (উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।

(১২) যুগ্ম-সচিব (প্রশাঃ), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।

(১৩) যুগ্ম-সচিব (হাসপাতাল ও নার্সিং), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

(১৪) উপ-সচিব (বাজেট-৩), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।

(১৫) জেলা কমিটিসমূহের চেয়ারম্যানগণ, পদাধিকারবলে।

**সচিব**

(১৬) নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা, ঢাকা।

২। চেয়ারম্যান ২২-৫-২০১৩ইং তারিখ থেকে ২ বছরের জন্য এবং ৫, ৬, ৭, ৮ ও ৯ নং ক্রমিকের মনোনীত সদস্যগণ ২৩-৬-২০১৩ তারিখ হতে পরবর্তী দুই বছর স্বীয় পদে বহাল থাকবেন। তবে উক্ত মেয়াদ শেষ হবার পূর্বে ইচ্ছা করলে যে কোন সময় তাদের নিয়োগ সরকার বাতিল করতে পারবে এবং তাঁরাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষর যুক্ত পত্রে যে কোন সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

**নং মশিবিম / শা-সেল / পরিঃপরিষদ-২ / ২০০১ (অংশ-১)-৩০৩**—জাতীয় মহিলা সংস্থার আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯নং আইন এর ৯(১) ধারা মোতাবেক নিম্নবর্ণিত সদস্য-সমন্বয়ে জাতীয় মহিলা সংস্থার নির্বাহী কমিটি পুনর্গঠন করা হলো ঃ

**চেয়ারম্যান**

(১) অধ্যাপক মমতাজ বেগম

**সদস্যবৃন্দ**

(২) পরিচালনা পরিষদের ভাইস-চেয়ারম্যান।

(৩) পরিচালনা পরিষদের সদস্যগণের মধ্যে হতে বিধিদ্বারা নির্ধারিত পদ্ধতিতে নির্বাচিত চার জন সদস্য।

(৪) বেগম ফজিলাতুনন্নেছা ইন্দিরা, ৯৫, সেন্ট্রাল রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৫।

(৫) প্রফেসর হুসনা আখতার, বাড়ী নং ১০, ফ্ল্যাট নং-২-বি, রোড নং ৮, ধা/আ/এ, ঢাকা-১২০৫।

(৬) বেগম ইয়াদিয়া জামান এ্যাডভোকেট, ৪২-এ, ঝিগাতলা নতুন রাস্তা, ধানমন্ডি, ঢাকা-১২০৯।

(৭) বেগম আদিবা আঞ্জুম মিতা, এইচ, ডি-১ গণভবন, ডাক্তার কোয়ার্টার, শহীদ সোহরাওয়াদী হাসাপতাল, শেরে বাংলানগর, ঢাকা।

(৮) যুগ্ম-সচিব (সমন্বয়), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

**সচিব**

(৯) নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা, ঢাকা।

২। চেয়ারম্যান ২২-৫-২০১৩ ইং তারিখ থেকে ২ বছরের জন্য এবং ৪, ৫, ৬ ও ৭ নং ক্রমিকের মনোনীত সদস্যগণ ২৩-৬-২০১৩ তারিখ হতে পরবর্তী দুই বছর স্বীয় পদে বহাল থাকবেন। তবে উক্ত মেয়াদ শেষ হবার পূর্বে ইচ্ছা করলে যে কোন সময় তাদের নিয়োগ সরকার বাতিল করতে পারবে এবং তাঁরাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষর যুক্ত পত্রে যে কোন সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নূর্সিয়া কমল**
সিনিয়র সহকারী সচিব।

---

**শিক্ষা মন্ত্রণালয়**

**পরিকল্পনা শাখা-৩**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৬ জুলাই ২০১৩

**নং শিমপ/পরিশা-৩/উপজেলা মডেল বিদ্যাঃ/২০০৪/৩২ (অংশ-২)/১৬৪**—মাধ্যমিক স্তরে শিক্ষা গ্রহণের সমান সুযোগ দেশের প্রত্যন্ত অঞ্চলে বিস্তারের লক্ষ্যে সরকারি মাধ্যমিক বিদ্যালয়বিহীন উপজেলাসমূহে নির্বাচিত বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়সমূহকে মডেল মাধ্যমিক বিদ্যালয় হিসেবে ঘোষণা করা হয়েছে। এর পরিপ্রেক্ষিতে বিগত ০৫-০১-২০০৯ তারিখে শিমপ/সিসপ-৩/উপজেলা মডেল বিদ্যালয়/১৮২/২০০৮(অংশ-১)১১ নং প্রজ্ঞাপন মূলে বরিশাল জেলার হিজলা উপজেলা বি.সি. ডি উচ্চ বিদ্যালয়কে মডেল বিদ্যালয় ঘোষণা করা হয়েছে। এক্ষণে অত্র আদেশ দ্বারা উক্ত প্রজ্ঞাপনের বরিশাল জেলার হিজলা উপজেলার বি.সি.ডি উচ্চ বিদ্যালয়কে মডেল বিদ্যালয় ঘোষণা সংশ্লিষ্ট অংশটুকু বাতিল করা হল এবং বর্ণিত উপজেলার নিম্নলিখিত বিদ্যালয়কে মডেল বিদ্যালয় হিসেবে ঘোষণা করা হলো ঃ

| ক্রমিক নং | উপজেলার নাম | নির্বাচিত শিক্ষাপ্রতিষ্ঠানের নাম |
|---|---|---|
| (১) | হিজলা, বরিশাল | সংহতি পাইলট মাধ্যমিক বিদ্যালয় |

২। বর্ণিত মাধ্যমিক বিদ্যালয়সমূহে প্রয়োজনীয় অবকাঠামো, আসবাবপত্র, লাইব্রেরী সুবিধা, কম্পিউটার, ল্যাবরেটরী স্থাপন ও বৈজ্ঞানিক যন্ত্রপাতি সরবরাহ করা হবে এবং শিক্ষক প্রশিক্ষণ, নিবিড় শিক্ষাক্রম তত্ত্বাবধানসহ গুনগত মানোন্নয়নের লক্ষ্যে বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা হবে।

৩। উপরোক্ত তালিকায় নির্বাচিত মডেল মাধ্যমিক বিদ্যালয়টি অনুমোদিত মানদন্ডের পরিপন্থী ও অসত্য তথ্যের ভিত্তিতে অন্তর্ভুক্ত হয়ে থাকলে এবং বিষয়টি পরবর্তীতে চিহ্নিত হলে মন্ত্রণালয় পরিদর্শন/যাচাইপূর্বক তা পরিবর্তন করতে পারবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ মেহেদী হাসান**
সিনিয়র সহকারী প্রধান।

---

**অধিশাখা-৭ (কলেজ-২)**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৯ জুলাই ২০১৩/২৫ আষাঢ় ১৪২০

**নং শিম/শা-৭/বিভাগীয় মামলা-২৪/২০১১/৩৪৮**—যেহেতু, বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারের কর্মকর্তা জনাব মোহাম্মদ ইকবাল আহমেদ (০১৪৬৭৭), প্রভাষক (রাষ্ট্রবিজ্ঞান), বৃন্দাবন সরকারি কলেজ, হবিগঞ্জ এর বিরুদ্ধে ১৮-৫-২০১১ তারিখ থেকে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকার কারণে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক "অসদাচরণ" ও "ডিজারশন" এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি উক্ত নোটিশের জবাব প্রদান করেননি। পরবর্তীতে জেলা প্রশাসক, হবিগঞ্জ এর মাধ্যমে নোটিশটি জারির ব্যবস্থা গ্রহণ করা হলে জেলা প্রশাসক জানায় যে, অভিযুক্ত ব্যক্তি আমেরিকায় বসবাস করছেন ও কোন সময়ে বাড়িতে ফিরে আসবেন তার কোন নিশ্চয়তা নেই। ফলে বিষয়টি তদন্তের সিদ্ধান্ত গৃহীত হয়। তদন্তে তার বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়। অতঃপর তাকে ২য় কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়। কিন্তু উক্ত নোটিশেরও জবাব পাওয়া যায়নি এবং তা ফেরতও আসেনি। অতঃপর জেলা প্রশাসক, হবিগঞ্জ এর মাধ্যমে ২য় কারণ দর্শানো নোটিশ জারির ব্যবস্থা গ্রহণ করা হলে জেলা প্রশাসক, জানায় যে, "তার স্থায়ী ঠিকানায় না পেয়ে তার পিতাকে অনুরোধ করায় তিনি স্বাক্ষীদের উপস্থিতিতে নোটিশ গ্রহণ করেন";

যেহেতু, জনাব মোহাম্মদ ইকবাল আহমেদ এর বিভাগীয় মামলা সংক্রান্ত সকল রেকর্ডপত্র পর্যালোচনান্তে তার বিরুদ্ধে অনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(ডি) মোতাবেক ১৮-০৫-২০১১ তারিখ হতে ভূতাপেক্ষভাবে "চাকুরি থেকে বরখাস্ত (Dismissal from service)" করার সিদ্ধান্ত গ্রহীত হয়। উক্ত সিদ্ধান্তে বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন একমত পোষণ করে এবং মহামান্য রাষ্ট্রপতি সদয় সম্মতি জ্ঞাপন করেছেন;

সেহেতু, জনাব মোহাম্মদ ইকবাল আহমেদকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(ডি) মোতাবেক ১৮-৫-২০১১ তারিখ হতে ভূতাপেক্ষভাবে "চাকুরি থেকে বরখাস্ত (Dismissal from service)" করা হ'ল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. কামাল আবদুল নাসের চৌধুরী**
সচিব।

---

**শাখা ঃ ২২ (উন্নয়ন-৩)**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৪ জুলাই ২০১৩/৩০ আষাঢ় ১৪২০

**নং শিম/শাঃ ২২/১-৪/২০১০(অংশ-১)/৬৩৬**—যেহেতু, আপনি জনাব মোঃ ফয়সাল নোমানী, কম্পিউটার অপারেটর, এনসিটিবি, ঢাকা গত ১২-৪-২০১১ তারিখ হতে কর্তৃপক্ষকে অবহিত না করে কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত আছেন। এসইএসডিপি প্রকল্প হতে ৫-৫-২০১১ তারিখে এসইএসডিপি /পিআইইউ/প্রশা/অভিযোগ/৯৪৭/২০০৯/২৫৪ নং সূত্রস্থ পত্রের মাধ্যমে কারণ দর্শানো নোটিশ প্রেরণ করা হয়। কোন জবাব প্রদান করেননি;

যেহেতু, শিক্ষা মন্ত্রণালয়ের ১৯-১২-২০১১ তারিখের শিম/শাঃ২২/১-৪/২০১০/১০০৪ সংখ্যক পত্রের মাধ্যমে ০১ (এক) মাসের মধ্যে কর্মস্থলে যোগদানের জন্য নির্দেশ দেয়া হয় এবং নির্ধারিত সময়ের মধ্যে কর্মে যোগদান না করলে চাকুরি হতে অব্যাহতি দেয়া হবে মর্মে জানানো হয়। কিন্তু আপনি উক্ত সময়ের মধ্যে কর্মস্থলে যোগদান করেননি;

যেহেতু, আপনি কর্তৃপক্ষকে অবহিত না করে এভাবে অননুমোদিত অনুপস্থিত আছেন, এবং এর ফলে প্রকল্পের স্বাভাবিক কর্মকাণ্ড বিঘ্নিত হচ্ছে;

যেহেতু, বর্ণিত কর্মকর্তার নিয়োগের প্রজ্ঞাপনের ২(ঘ) অনুচ্ছেদে সুস্পষ্টভাবে উল্লেখ আছে যে, কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এক মাসের নোটিশে এ নিয়োগ বাতিল করতে পারবেন;

সেহেতু, নিয়োগপত্রের শর্তানুসারে কর্মস্থলে অনুপস্থিতির তারিখ অর্থাৎ ১২-৪-২০১১ তারিখ হতে এসইএসডিপি প্রকল্পের আওতায় নিয়োগপ্রাপ্ত জনাব মোঃ ফয়সাল নোমানী, কম্পিউটার অপারেটর, এনসিটিবি, ঢাকা-কে চাকুরি থেকে অব্যাহতি দেয়া হলো।

**ড. কামাল আবদুল নাসের চৌধুরী**
সচিব।

---

**প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়**
**বিদ্যালয়-১ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৩ আষাঢ় ১৪২০/০৭ জুলাই ২০১৩

**নং ৩৮.০০৭.০১৫.০০০.০৪.০০.২০১৩-২৭৬**—প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের ২৪ জুন ২০১৩ তারিখের ৩৮.০০৭.০১৫. ০০০.০৪.০০.২০১৩-২৬৬ নম্বর প্রজ্ঞাপনের ১ম অনুচ্ছেদে ৪৩০ ক্রমিকের সম্পূর্ণ এন্ট্রি বিলুপ্ত করা হইল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ আবুল কালাম**
উপ-সচিব।

---

**বিদ্যালয়-২** শাখা

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ১৮ আষাঢ় ১৪২০/২ জুলাই ২০১৩

**নং প্রাগম/বিদ্যা-২/৬(নাম পরিবর্তন)-১/৯৮-৩২৪**—নারায়ণগঞ্জ জেলার সদর উপজেলার '৩৩নং মেথরপট্টি সরকারি প্রাথমিক বিদ্যালয়' এর নাম পরিবর্তন করে 'সিটি কলোনী সরকারি প্রথামিক বিদ্যালয়' নামকরণ করা হ'ল।

২। জনস্বার্থে এ আদেশ জারী করা হল এবং তা অবিলম্বে কার্যকর হবে।

তারিখ, ২৩ আষাঢ় ১৪২০/৭ জুলাই ২০১৩

**নং ৩৮.০০৮.০৩৪.০০.০০.০০১.২০০৪-৩৩১**—নোয়াখালী জেলার সোনাইমুরী উপজেলার 'কৃষ্ণপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়' এর নাম পরিবর্তন করে 'কৃষ্ণপুর শহীদ শাহ আলম সরকারি প্রথামিক বিদ্যালয়' নামকরণ করা হল।

২। জনস্বার্থে এ আদেশ জারী করা হল এবং তা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**জাজরীন নাহার**
সিনিয়র সহকারী সচিব (বিদ্যালয়-২)।

**শিল্প মন্ত্রণালয়**

**স্বশাসিত সংস্থা-বিসিক শাখা**

**আদেশ**

তারিখ, ১৬ আষাঢ় ১৪২০/৩০ জুন ২০১৩

**নং ৩৬.০৬৫.০১৫.০০.০২.০০১.২০১০-১১২**—শিল্প মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক) কর্তৃক বাস্তবায়িত "গ্রামীণ শিল্প উন্নয়ন (ডিআরআই)" ও "নক্‌শাকেন্দ্র" শীর্ষক উপ-প্রকল্পদ্বয় হতে রাজস্ব বাজেটে স্থানান্তরিত নিম্নবর্ণিত ৬(ছয়) ক্যাটাগরির ১৮ (আঠার) টি অস্থায়ী পদের মেয়াদ ১-৬-২০১২ খ্রিঃ তারিখ হতে ৩১-৫-২০১৩ খ্রিঃ তারিখ পর্যন্ত সংরক্ষণের সরকারি আদেশ বর্ণিত শর্তে নির্দেশক্রমে জারি করছি ঃ

**(ক) গ্রামীণ শিল্প উন্নয়ন (ডিআরআই) উপ-প্রকল্প ঃ**

| ক্রমিক নং | পদের নাম | পদ সংখ্যা | অর্থ বিভাগ কর্তৃক নির্ধারণকৃত বেতনস্কেল (জাতীয় বেতনস্কেল, ২০০৫ অনুযায়ী) |
|---|---|---|---|
| (১) | সহকারী হিসাব নিয়ন্ত্রক | ১(এক) টি | ১১০০০—১৭৬৫০ |
| (২) | সহকারী প্রকৌশলী | ৮(আট) টি | ৬৮০০—১৩০৯০ |
| | মোট= | ৯(নয়) টি | |

**(খ) নক্‌শাকেন্দ্র উপ-প্রকল্প ঃ**

| ক্রমিক নং | পদের নাম | পদ সংখ্যা | অর্থ বিভাগ কর্তৃক নির্ধারণকৃত বেতনস্কেল (জাতীয় বেতনস্কেল, ২০০৫ অনুযায়ী) |
|---|---|---|---|
| (১) | কারু শিল্পী | ৪(চার) টি | ২৮৫০—৫৪১০ |
| (২) | নির্বাহী সহকারী | ১(এক) টি | ৩০০০—৫৯২০ |
| (৩) | দারোয়ান | ২(দুই) টি | ২৪০০—৪৩১০ |
| (৪) | পিয়ন | ২(দুই) টি | ২৪০০—৪৩১০ |
| | মোট= | ৯(নয়) টি | |
| | সর্বমোট= | ১৮(আঠার) টি | |

**শর্তসমূহ ঃ**

(ক) সংরক্ষণকৃত চতুর্থ শ্রেণীর পদে নতুন কোন নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক প্রণীত আউট সোর্সিং নীতিমালা অনুসরণ করতে হবে।

(খ) এতদ্‌বিষয়ে প্রচলিত বিধি-বিধান ও অন্যান্য আনুষ্ঠানিকতা অবশ্যই পালন করতে হবে।

২। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হলো।

**মোঃ রেজাউল করিম**
সহকারী সচিব।

**[অভিন্ন নম্বর ও তারিখের অফিস আদেশের স্থলাভিষিক্ত]**

**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**

**শাখা-১০**

**অফিস আদেশ**

তারিখ, ৯ জুন ২০১৩

**নং শাখা-১০/অভিযোগ-০২/০৯(অংশ-১)/২৮৪**—জনাব মোঃ ইউসুফ আলী, বর্তমান পরিদর্শক (প্রকৌশল), বিভাগীয় দপ্তর কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন পরিদপ্তর, চট্টগ্রাম, পরিদর্শক (প্রকৌশল), ঢাকা বিভাগীয় দপ্তর, ঢাকায় কর্মরত থাকাকালীন সময়ে সাভার বাজারস্থ রানা প্লাজায় অবস্থিত নিউ ওয়েভ বটমস লিঃ, ফ্যান্টম এ্যাপারেলস লিঃ, ফ্যান্টম টেক লিঃ ইথার টেক্স লিঃ ও নিউ ওয়েভ স্টাইল লিঃ আপনার অধিক্ষেত্রের আওতাধীন ছিল এবং এ মন্ত্রণালয়ের ২৫-৪-২০১৩ তারিখের স্মারক নং ৪০.০৫.৩১.০.০.০১.২০১১(অংশ-৭)/৫৫৬ এর মাধ্যমে গঠিত তদন্ত কমিটির প্রতিবেদনে রানা প্লাজা ভবন ধ্বসের ঘটনায় আপনার প্রত্যক্ষ ও পরোক্ষভাবে জড়িত থাকার প্রমাণ পাওয়া গিয়েছে;

২। যেহেতু, জনাব মোঃ ইউসুফ আলী, পরিদর্শক (প্রকৌশল), ঢাকা বিভাগীয় দপ্তর, ঢাকায় কর্মরত থাকাকালীন সময় রানা প্লাজার বাণিজ্যিক ভবনের ৫ম তলায় ফ্যান্টম টেক লিঃ গার্মেন্টস কারখানা স্থাপনসহ মেশিন স্থাপনের ক্ষেত্রে ক্যাপাসিটি নিশ্চিত না হয়ে মেশিনের লে-অউট প্লান অনুমোদনসহ কারখানার লাইসেন্স নবায়নের অনুমোদন দিয়ে চরম দায়িত্বহীনতার পরিচয় দিয়েছেন;

৩। যেহেতু, জনাব মোঃ ইউসুফ আলী, পরিদর্শক (প্রকৌশল), ঢাকা বিভাগীয় দপ্তর, ঢাকায় ২০১০ ও ১১ সাল কর্মরত থাকাকালীন সময় রানা প্লাজার ৭ম হতে ১০ম তলা পর্যন্ত কারখানার মেশিন, লে-আউট প্লান অনুমোদনসহ ৭ তলার কারখানার লাইসেন্স অনুমোদনের সুপারিশ এবং ৮ম তলার সম্প্রসারিত মেশিনারীজ লে-আউট অনুমোদনের জন্য সুপারিশ করেন। লাইসেন্স নম্বর উল্লেখ না করে একটি বাণিজ্যিক ভবনে দীর্ঘ ৪ বছর বিরতি দিয়ে কারখানা স্থাপনের সুপারিশ করে কর্তব্যকর্মে চরম অবহেলা প্রদর্শন করেছেন;

৪। যেহেতু, জনাব মোঃ ইউসুফ আলী, পরিদর্শক (প্রকৌশল), ঢাকা বিভাগীয় দপ্তর, ঢাকায় কর্মরত থাকাকালীন সময়ে রানা প্লাজা ভবনের ৬ষ্ঠ তলায় অবস্থিত ইথার টেক্স লিঃ ২০০৮ সাল হতে কোন প্রকার লাইসেন্স ও অনুমোদন ছাড়া কারখানা চালু রাখলেও তা আপনার নজরে না আসা কর্তব্য কর্মে গাফিলতি ও অবহেলার পরিচয় প্রদান করেছেন;

৫। যেহেতু, জনাব মোঃ ইউসুফ আলী, পরিদর্শক (প্রকৌশল), ঢাকা বিভাগীয় দপ্তর, ঢাকায় কর্মরত থাকাকালীন সময়ে রানা প্লাজা ভবনের তৃতীয় ও ৮ম তলায় কারখানার নক্সায় জেনারেটর রুম থাকা সত্ত্বেও নক্সা অনুমোদনের জন্য সুপারিশ এবং পরবর্তীতে অনুমোদন করে ভবিষ্যতে দুর্ঘটনার ক্ষেত্র তৈরি করেছেন, যা কর্তব্যকর্মে চরম গাফিলতির শামিল। তাছাড়া কারখানার লাইসেন্স প্রদান ও নবায়নের ক্ষেত্রে আপনি শ্রম আইনের ২০০৬ এর ৬১.৮৫.৩১৯.৩২৬ এবং ১৯৭৯ সালের কারখানা বিধিমালার বিধি ৩, ৪, ৫ এবং ৩৮ অব্যাহতভাবে লংঘন করেছেন এবং ২৩-০৪-২০১৩ তারিখ রানা প্লাজার ৩য় তলার কলামে ফাটল ধরার বিষয়টি প্রচার মাধ্যমে প্রচারিত হওয়ার পরও কারখানাগুলো বন্ধের কোন কার্যক্রম গ্রহণ না করে অপরাধ করেছেন।

৬। যেহেতু, জনাব মোঃ ইউসুফ আলী, পরিদর্শক (প্রকৌশল), ঢাকা বিভাগীয় দপ্তর, ঢাকায় কর্মরত থাকাকালীন সময়ে আপনার উপরোক্ত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ২(এফ) (ii) ধারা মোতাবেক "অসদাচরণ" হিসেবে গণ্য।

৭। সেহেতু, এক্ষণে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ১১(১) অনুযায়ী আপনাকে সরকারি চাকুরী থেকে সাময়িক বরখাস্ত করা হলো। চাকুরী থেকে সাময়িক বরখাস্তকালীন সময়ে আপনি বিধি মোতাবেক খোরাকী মঞ্জুরী পাবেন।

৮। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মিকাইল শিপার**

সচিব।

---

**[অভিন্ন নম্বর ও তারিখের অফিস আদেশের স্থলাভিষিক্ত]**

**অফিস আদেশ**

তারিখ, ৯ জুন ২০১৩

**নং শাখা-১০/অভিযোগ-০২/০৯(অংশ-১)/২৮৫**—জনাব মোঃ আমিনুল হক, বর্তমানে উপ-প্রধান পরিদর্শক (সাধারণ), বিভাগীয় দপ্তর কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন পরিদপ্তর, চট্টগ্রাম, উপ-প্রধান পরিদর্শক (সাধারণ), ঢাকা বিভাগীয় দপ্তর, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন পরিদপ্তর ঢাকায় কর্মরত থাকাকালীন সময়ে সাভার বাজারস্থ রানা প্লাজায় অবস্থিত নিউ ওয়েভ বটমস লিঃ, ফ্যান্টম এ্যাপারেলস লিঃ, ফ্যান্টম টেক লিঃ ইথার টেক্স লিঃ ও নিউ ওয়েভ স্টাইল লিঃ আপনার অধিক্ষেত্রের আওতাধীন ছিল এবং এ মন্ত্রণালয়ের ২৫-৪-২০১৩ তারিখের স্মারক নং ৪০.০৫.৩১.০.০.০১.২০১১(অংশ-৭)/৫৫৬ এর মাধ্যমে গঠিত তদন্ত কমিটির প্রতিবেদনে রানা প্লাজা ভবন ধ্বসের ঘটনায় আপনার প্রত্যক্ষ ও পরোক্ষভাবে জড়িত থাকার প্রমাণ পাওয়া গিয়েছে;

২। যেহেতু, জনাব মোঃ আমিনুল হক, উপ-প্রধান পরিদর্শক (সাধারণ), ঢাকা বিভাগীয় দপ্তর, ঢাকায় ২০১০-১১ সালে কর্তরত থাকাকালীন সময় রানা প্লাজা বাণিজ্যিক ভবনের তৃতীয় তলায় নিউ ওয়েভ বটমস লিঃ কারখানা স্থাপনসহ মেশিন স্থাপনের ক্ষেত্রে ক্যাপাসিটি নিশ্চিত না হয়ে মেশিনের লে আউট লে-আউট প্লান অনুমোদনসহ কারখানার লাইসেন্স নবায়ন করা হয়। এছাড়া আপনি নিউ ওয়েভ বটমস লিঃ, ফ্যান্টম এপারেল লিঃ, ফ্যান্টম টেক লিঃ ও নিউ ওয়েভ স্টাইল কারখানাসমূহের লাইসেন্স নবায়নের ক্ষেত্রে ৪ বছর লাইসেন্স নরায়ন না করা সত্ত্বেও কোন তদন্ত ছাড়া এবং কোন সুপারিশ ব্যতিরেকে একটি বাণিজ্যিক ভবনে গার্মেন্টস কারখানার লাইসেন্স নবায়নের অনুমোদন দিয়ে চরম দায়িত্বহীনতার পরিচয় দিয়েছেন। অধিকন্তু আপনি ০১-১-২০১৩ তারিখে সর্বশেষ ২০১৩ সালের জন্য কোন প্রকার পরীক্ষা নিরীক্ষা ছাড়াই বর্ণিত ভবনে এ ধরনের কারখানা লাইসেন্স নবায়ন করে ২০০৬ সালের শ্রম আইন লংঘন করে দায়িত্বহীনতার পরিচয় দিয়েছেন;

৩। যেহেতু, জনাব মোঃ আমিনুল হক, উপ-প্রধান পরিদর্শক (সাধারণ), ঢাকা বিভাগীয় দপ্তর, ঢাকায় কর্মরত থাকাকালীন সময় রানা প্লাজার ৪র্থ তলায় অবস্থিত ফ্যান্টম এ্যাপারেলস লিঃ কারখানার নকশা ও লাইসেন্স অনুমোদনের সময় সরেজমিনে তদন্ত না করে দায়সারাভাবে তৈরি সুপারিশ অনুযায়ী লাইসেন্স অনুমোদন

করেন। এছাড়া ফ্যান্টম টেক লিঃ গার্মেন্টস এর বিষয়ে নথিতে লাইসেন্স নম্বর উল্লেখ না করে একটি বাণিজ্যিক ভবনে দীর্ঘ ৪ বছর বিরতি দিয়ে কারখানা স্থাপনের সুপারিশ করে কর্তব্যকর্মে চরম অবহেলা প্রদর্শন করেছেন;

৪। যেহেতু, জনাব মোঃ আমিনুল হক, উপ-প্রধান পরিদর্শক (সাধারণ), ঢাকা বিভাগীয় দপ্তর, ঢাকায় কর্মরত থাকাকালীন সময়ে রানা প্লাজার ৬ষ্ঠ তলায় অবস্থিত ইথার টেক্স লিঃ ২০০৮ সাল হতে কল কারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন পরিদপ্তরের কোন প্রকার লাইসেন্স ও অনুমোদন ছাড়া কারখানা চালু রাখলেও তা আপনার নজরে না আসা কর্তব্য কর্মে গাফিলতি ও অবহেলার পরিচয় প্রদান করেছেন;

৫। যেহেতু, জনাব মোঃ আমিনুল হক, উপ-প্রধান পরিদর্শক (সাধারণ), ঢাকা বিভাগীয় দপ্তর, ঢাকায় কর্মরত থাকাকালীন সময়ে রানা প্লাজা ভবনের তৃতীয় ও ৮ম তলায় কারখানার নক্সায় জেনারেটর রুম থাকা সত্ত্বেও নক্সা অনুমোদনের জন্য সুপারিশ এবং পরবর্তীতে অনুমোদন করে ভবিষ্যতে দুর্ঘটনার ক্ষেত্র তৈরি করেছেন, যা কর্তব্যকর্মে চরম গাফিলতির শামিল। তাছাড়া কারখানার লাইসেন্স প্রদান ও নবায়নের ক্ষেত্রে আপনি শ্রম আইনের ২০০৬ এর ৬১, ৮৫, ৩১৯, ৩২৬ এবং ১৯৭৯ সালের কারখানা বিধিমালার বিধি ৩, ৪, ৫ এবং ৩৮ অব্যাহতভাবে লংঘন করেছেন;

৬। যেহেতু, জনাব মোঃ আমিনুল হক, উপ-প্রধান পরিদর্শক (সাধারণ), ঢাকা বিভাগীয় দপ্তর, ঢাকায় কর্মরত থাকাকালীন সময়ে আপনার উপরোক্ত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ২(এফ) (ii) ধারা মোতাবেক "অসদাচরণ" হিসেবে গণ্য।

৭। সেহেতু, এক্ষণে, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ১১(১) অনুযায়ী আপনাকে সরকারি চাকুরী থেকে সাময়িক বরখাস্ত করা হলো। চাকুরী হতে সাময়িক বরখাস্তকালীন সময়ে আপনি বিধি মোতাবেক খোরাকী মঞ্জুরী পাবেন।

৮। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মিকাইল শিপার**
সচিব।

---

**[অভিন্ন নম্বর ও তারিখের অফিস আদেশের স্থলাভিষিক্ত]**

**অফিস আদেশ**

তারিখ, ৯ জুন ২০১৩

**নং শাখা-১০/অভিযোগ-০২/০৯(অংশ-১)/২৮৬**—জনাব মোঃ বেলায়েত হোসেন, উপ-প্রধান পরিদর্শক (সাধারণ), ঢাকা বিভাগীয় দপ্তর, ঢাকায় কর্মরত থাকাকালীন সময় সাভার বাজারস্থ রানা প্লাজায় অবস্থিত ইথার টেক্স লিঃ ও নিউ ওয়েভ স্টাইল লিঃ, আপনার অধিক্ষেত্রের আওতাধীন ছিল এবং এ মন্ত্রণালয়ের ২৫-৪-২০১৩ তারিখের স্মারক নং ৪০.০৫.৩১.০.০.০১.২০১১(অংশ-৭)/৫৫৬ এর মাধ্যমে গঠিত তদন্ত কমিটির প্রতিবেদনে রানা প্লাজা ভবন ধ্বসের ঘটনায় আপনার প্রত্যক্ষ ও পরোক্ষভাবে জড়িত থাকার প্রমাণ পাওয়া গিয়েছে;

২। যেহেতু, আপনি জনাব মোঃ বেলায়েত হোসেন(বর্তমানে সাময়িক বরখাস্ত), উপ-প্রধান পরিদর্শক (সাধারণ), ঢাকা বিভাগীয় দপ্তর, ঢাকায় কর্তরত থাকাকালীন সময়ে উপরোক্ত কারখানাসমূহের লাইসেন্স নবায়নের ক্ষেত্রে ৪ বছর লাইসেন্স নরায়ন না করা সত্ত্বেও কোন তদন্ত ছাড়া এবং কোন সুপারিশ ব্যতিরেকে একটি বাণিজ্যিক ভবনে লাইসেন্স অনুমোদন দিয়ে চরম দায়িত্বহীনতার পরিচয় দিয়েছেন;

৩। যেহেতু, জনাব মোঃ বেলায়েত হোসেন (বর্তমানে সাময়িক বরখাস্ত), উপ-প্রধান পরিদর্শক (সাধারণ), ঢাকা বিভাগীয় দপ্তর, ঢাকায় কর্মরত থাকাকালীন সময়ে রানা প্লাজার ৬ষ্ঠ তলায় অবস্থিত ইথার টেক্স লিঃ ২০০৮ সাল হতে কল-কারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন পরিদপ্তর এর কোন প্রকার লাইসেন্স ও অনুমোদন ছাড়া কারখানা চালু রাখলেও তা আপনার নজরে না আসা কর্তব্যকর্মে গাফিলতি ও অবহেলার পরিচয় প্রদান করেছেন। যদি ও বর্ণিত প্লাজায় ঢাকা বিভাগীয় কল-কারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন পরিদপ্তর হতে ০৪টি গার্মেন্টস কারখানার লাইসেন্স প্রদান ও নরায়ন করা হয়েছে;

৪। যেহেতু, জনাব মোঃ বেলায়েত হোসেন(বর্তমানে সাময়িক বরখাস্ত), উপ-প্রধান পরিদর্শক (সাধারণ), ঢাকা বিভাগীয় দপ্তর, ঢাকায় কর্মরত থাকাকালীন সময়ে ২০১২ সালে রানা প্লাজার ৮ম তলায় নিউ ওয়েভ স্টাইল লিঃ কারখানার মেশিন লে-আউট প্লান অনুমোদন ও লাইসেন্স নবায়ন করেন। এছাড়াও আপনি রানা প্লাজা ভবনের তৃতীয় ও ৮ম তলায় কারখানার নক্সায় জেনারেটর রুম থাকা সত্ত্বেও নক্সা অনুমোদনের জন্য সুপারিশ এবং পরবর্তীতে অনুমোদন করে ভবিষ্যতে দুর্ঘটনার ক্ষেত্র তৈরি করেছেন, যা কর্তব্যকর্মে চরম গাফিলতির শামিল। তাছাড়া কারখানার লাইসেন্স প্রদান ও নবায়নের ক্ষেত্রে আপনি শ্রম আইনের ২০০৬ এর ৬১.৮৫, ৩১৯, ৩২৬ এবং ১৯৭৯ সালের কারখানা বিধিমালার বিধি ৩, ৪, ৫ এবং ৩৮ অব্যাহতভাবে লংঘন করেছেন;

৫। যেহেতু, জনাব মোঃ বেলায়েত হোসেন(বর্তমানে সাময়িক বরখাস্ত), উপ-প্রধান পরিদর্শক (সাধারণ), ঢাকা বিভাগীয় দপ্তর, ঢাকা কর্মরত থাকা সময়ে আপনার উপরোক্ত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ২(এফ) (ii) ধারা মোতাবেক "অসদাচরণ" হিসেবে গণ্য।

৬। সেহেতু, এক্ষণে, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ১১(১) অনুযায়ী আপনাকে সরকারি চাকুরী থেকে সাময়িক বরখাস্ত করা হলো। চাকুরী হতে সাময়িক বরখাস্তকালীন সময়ে আপনি বিধি মোতাবেক খোরাকী মঞ্জুরী পাবেন।

৭। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মিকাইল শিপার**
সচিব।

---

**[অভিন্ন নম্বর ও তারিখের অফিস আদেশের স্থলাভিষিক্ত]**

**অফিস আদেশ**

তারিখ, ৯ জুন ২০১৩

**নং শাখা-১০/অভিযোগ-০২/০৯(অংশ-১)/২৮৭**—জনাব মোঃ মাহমুদুল হক সাবেক পরিদর্শক (সাধারণ) ও বর্তমানে সহকারী প্রধান পরিদর্শক (সাধারণ) (চলতি দায়িত্ব) ঢাকা বিভাগীয় দপ্তর, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শক পরিদপ্তর ঢাকায় কর্মরত থাকাকালীন সময় সাভার বাজারস্থ রানা প্লাজায় অবস্থিত ইথার টেক্স লিঃ ও ফ্যান্টম এ্যাপারেলস লিঃ, আপনার অধিক্ষেত্রের আওতাধীন ছিল এবং এ মন্ত্রণালয়ের ২৫-৪-২০১৩ তারিখের স্মারক নং ৪০.০৫.৩১.০.০.০১.২০১১(অংশ-৭)/৫৫৬ এর মাধ্যমে গঠিত তদন্ত কমিটির প্রতিবেদনে রানা প্লাজা ভবন ধ্বসের ঘটনায় আপনার প্রত্যক্ষ ও পরোক্ষভাবে জড়িত থাকার প্রমাণ পাওয়া গিয়েছে;

২। ২০১০-১১ সাল রানা প্লাজার ৪র্থ তলায় অবস্থিত ইথার টেক্স লিঃ ও ফ্যান্টম এ্যাপারেলস লিঃ এ পরিদর্শন ব্যতিরেকে বাণিজ্যিকভাবে কারখানা স্থাপনসহ মেশিন স্থাপনের ক্ষেত্রে কোন লোডের ক্যাপাসিটি হিসাব না করে মেশিনের লে-আউট প্লান অনুমোদনসহ কারখানা লাইসেন্স নবায়নে সহায়তা করেছেন। এছাড়াও এই গার্মেন্টস কারখানাটির লাইসেন্স নবায়নের জন্য কোন প্রকার তদন্ত ছাড়া নথিতে সুপারিশ করেছেন। এভাবে জনাব মোঃ মহামুদুল হক সহকারী প্রধান পরিদর্শক (সাধারণ) চলতি দায়িত্ব লাইসেন্স প্রদান ও নবায়নের ক্ষেত্রে বাংলাদেশ শ্রম আইনের ৩২৬, ৩১৯, ৮৫ এবং তদীয় বিধিমালা ১৯৭৯ এবং ৩, ৪, ৫ এবং ৩৮ অব্যাহতভাবে লংঘন করে দায়িত্বহীনতার পরিচয় দিয়েছেন।

৩। যেহেতু, জনাব মোঃ মাহমুদুল হক, সহকারী প্রধান পরিদর্শক (সাধারণ) (চলতি দায়িত্ব) সাবেক পরিদর্শক ঢাকা বিভাগীয় দপ্তর, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন পরিদপ্তর ঢাকায় কর্মরত থাকাকালীন সাভার বাজারস্থ রানা প্লাজার ৬ষ্ঠ তলায় অবস্থিত ইথার টেক্স লিঃ ও ফ্যান্টম এ্যাপারেলস লিঃ ২০০৮ সাল হতে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন পরিদপ্তরের কোন প্রকার লাইসেন্স ও অনুমোদন ছাড়া কারখানা চালু রাখলেও তা আপনার নজরে না আসা কর্তব্যকর্মে গাফিলতি ও অবহেলার পরিচয় প্রদান করেছেন। যদিও বর্ণিত রানা প্লাজার ঢাকা বিভাগীয় পরিদর্শক পরিদপ্তর হতে ৪টি গামের্ন্টস কারখানার লাইসেন্স প্রদান ও নবায়ন করা হয়েছে।

৪। যেহেতু, জনাব মোঃ মাহমুদুল হক, সাবেক পরিদর্শক (সাধারণ) ও বর্তমানে সহকারী প্রধান পরিদর্শক (সাধারণ) চলতি দায়িত্ব) ঢাকা বিভাগীয় দপ্তর, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন পরিদপ্তর ঢাকায় কর্মরত থাকার সময়ে আপনার উপরোক্ত কার্যকলাপ সককারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ২ (এফ) (ii) ধারা মোতাবেক "অসদাচরণ" হিসেবে গণ্য।

৫। যেহেতু, জনাব মোঃ মাহমুদুল হক, সাবেক পরিদর্শক (সাধারণ) ও বর্তমানে সহকারী প্রধান পরিদর্শক (সাধারণ) (চলতি দায়িত্ব) ঢাকা বিভাগীয় দপ্তর, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শক পরিদপ্তর ঢাকায় কর্মরত থাকা সময়ে আপনার উপরোক্ত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ২(এফ) (ii) ধারা মোতাবেক "অসদাচরণ" হিসেবে গণ্য।

৬। সেহেতু, এক্ষণে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ১১(১) অনুযায়ী আপনাকে সরকারি চাকুরী থেকে সাময়িক বরখাস্ত করা হলো। চাকুরী হতে সাময়িক বরখাস্তকালীন সময়ে আপনি বিধি মোতাবেক খোরাকী মঞ্জুরী পাবেন।

৭। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মিকাইল শিপার**
সচিব।

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**

**পুলিশ-১ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৩০ জুন ২০১৩

**নং ৪৪.০০.০০০০.০৯৪.০২.০০৪.১৩(অংশ-১)-৬৬০/১**—যেহেতু, বেগম রখফার সুলতানা খানম, সহকারী মহাপুলিশ পরিদর্শক (এআইজি), বর্তমানে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয় এর বিরুদ্ধে জাতীয় সংসদের প্রশ্নোত্তোরের জবাব প্রস্তুতের মতো অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ে যথেষ্ট মনোযোগ ও সর্তকতার সাথে দায়িত্ব পালনে ব্যর্থতার অভিযোগে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(এ) ও ৩(বি) বিধি মোতাবেক যথাক্রমে অদক্ষতা ও অসদাচরণের অভিযোগে বিভাগীয় মামলা রুজুপূর্বক স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ২৭-০২-২০১৩ তারিখের ৪৪.০০.০০০০.০৯৪.০২.০০৪.১৩(অংশ-১)-২৮৭ নম্বর স্মারকে অভিযোগ বিবরণী ও অভিযোগনামা জারি করা হয়; এবং

২। যেহেতু, তিনি নির্ধারিত সময়ে লিখিত জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানী প্রার্থনা করেছেন; এবং

৩। যেহেতু, তাঁর জবাব পর্যালোচনায় দেখা যায় যে, প্রশ্নের উত্তর প্রস্তুতের কাজে তিনি সরাসরি সম্পৃক্ত ছিলেন না তবে প্রশ্নের উত্তর পুলিশ হেডকোয়ার্টার্সের সংশ্লিষ্ট শাখা হতে সংগ্রহপূর্বক সংগৃহীত তথ্যসমূহ নথিতে উপস্থাপন করে ঊর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমোদন নিয়ে তিনি মন্ত্রণালয়ে প্রেরণ করেছেন। ফলে এ বিষয়ে তাঁর কোন ব্যক্তিগত দায়-দায়িত্ব থাকার সুযোগ ছিল না বিধায় এ বিভাগীয় মামলায় তাঁর বিরুদ্ধে কার্যক্রম গ্রহণ করার মত কোন উপাদান নেই মর্মে প্রতীয়মান হয়।

৪। সেহেতু, বেগম রখফার সুলতানা খানম, সহকারী মহাপুলিশ পরিদর্শক (এআইজি), বর্তমানে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয় এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(এ) ও ৩(বি) বিধি মোতাবেক যথাক্রমে অদক্ষতা ও আসদাচরণের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত না হওয়ায় তাঁকে একই বিধিমালার ৭(২)(এ) বিধি অনুযায়ী উক্ত অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদানপূর্বক ভবিষ্যতের জন্য সতর্ক করা হলো।

৫। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সি কিউ কে মুসতাক আহমদ**
সিনিয়র সচিব।

---

**পুলিশ শাখা-৩**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৮ জুন ২০১৩

**নং ৪৪.০০.০০০০.০৯৬.০১.০০১.১১-৪০২**—১৮৯৮ খ্রিঃ ফৌজদারী কার্যবিধি (৫ নং আইন) এর ৪ উপ-ধারা ১(এস) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নোক্ত তফসিলের ৪র্থ কলামে বর্ণিত যাত্রাবাড়ী থানা হতে কিছু অংশ বিমুক্ত করে ২য় কলামে বর্ণিত মৌজাসমূহ নিয়ে "যাত্রাবাড়ী থানা" পুনর্গঠন করলো :—

**থানার সীমানা :**

রাস্তা : সায়েদাবাদ রেল ক্রসিং হতে করাতিটোলা রাস্তা হয়ে দয়াগঞ্জ বাজার ক্রসিং ও মীর হাজিরবাগ রেল লাইন ক্রসিং, ঢাকা নারায়ণগঞ্জ রোড দনিয়া স্কুল এন্ড কলেজ ক্রসিং, ঢাকা-চট্টগ্রাম বিশ্বরোড দিয়ে পুনম সিনেমা হল ও রায়েরবাগ হয়ে সানারপাড় ক্রসিং, মাতুয়াইল এর রাস্তা

দিয়ে হাজী আঃ লতিফ কলেজ হয়ে ডগাইর ডেমরা রোড দিয়ে ধার্মিক পাড়া ক্রসিং, ভাঙ্গা প্রেস কাজলা গ্রামের পাশ দিয়ে গোপীবাগ অতীশ দীপঙ্কর সড়ক (বিশ্বরোড), বিশ্বরোড দিয়ে দক্ষিণ দিকে মনোয়ারা হাসপাতাল ক্রসিং, পশ্চিম দিকে মাদ্রাসা রোড দিয়ে গোপীবাগ দারুল উলুম হাফিজিয়া মাদ্রাসা ক্রসিং, রেল লাইনের পূর্ব পাশ দিয়ে সায়েদাবাদ রেল ক্রসিং।

**দ্রষ্টব্য :** বর্ণিত রাস্তা সীমান্ত এবং এ রাস্তার মধ্যে দিয়ে টানা রেখা সীমান্ত রেখা হিসেবে বিবেচিত হবে।

| ক্রমিক নং | মৌজার নাম | জে এল নম্বর | ওয়ার্ড নম্বর ও এলাকা | বর্তমানে কোন থানার অর্ন্তগত |
|---|---|---|---|---|
| (১) | কাজীরবাগ | জে এল নং ১৪৫ | ওয়ার্ড নং ৮৪<br>এলাকা : সায়েদাবাদ, উত্তর যাত্রাবাড়ী। | যাত্রাবাড়ী থানা |
| (২) | যাত্রাবাড়ী | জে এল নং ১৪৭ | ওয়ার্ড নং ৮৫<br>এলাকা : ব্রাহ্মণচিরণ, ধলপুর, গোলাপবাগ (আংশিক)। | |
| (৩) | গেণ্ডারিয়া (অংশ) | জে এল নং ১৪৮ | ওয়ার্ড নং ৮৬<br>এলাকা : পশ্চিম যাত্রাবাড়ী, উত্তর-পশ্চিম যাত্রাবাড়ী, উত্তর যাত্রাবাড়ী, দক্ষিণ-পূর্ব যাত্রাবাড়ী, ওয়াপদা কলোনী।<br>ওয়ার্ড নং ৮৭<br>এলাকা : মীর হাজিরবাগ (অংশ)। | |
| (৪) | মাতুয়াইল (অংশ) | জে এল নং ১৫৪ | মাতুয়াইল ইউনিয়ন (অংশ)<br>এলাকা : কাজলা, ভাঙ্গা প্রেস, গোবিন্দপুর, শনির আখড়া। | |
| (৫) | দনিয়া (অংশ) | জে এল নং ১৫৩ | দনিয়া ইউনিয়ন (অংশ)<br>এলাকা : দনিয়া কলেজ, দনিয়া কবরস্থান, রসুলপুর, কুতুবখালি। | |
| (৬) | পাড়া ডগাইর | জে এল নং ১৬৩ | মাতুয়াইল ইউনিয়ন (অংশ)<br>এলাকা : পাড়া ডগাইর । | |

২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ আশফাকুল নুমান**
সিনিয়র সহকারী সচিব।

---

**আইন অধিশাখা-১**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ২৩ জুন ২০১৩

**নং ৪৪.০০.০০০০.০৫৫.১০.০০১.২০১৩-৭৮০**—সাতক্ষীরা থানার সাধারণ জায়েরী নং ১৩০৩, তারিখ, ২৬-০৫-২০১৩ খ্রিঃ মূলে তদন্ত করে আসামী মোঃ ইউসুফ খান (৪০), চেয়ারম্যান জয়েন্ট ইসলামী ফাইন্যান্স এন্ড কমার্সসহ ৩(তিন) জন এবং অজ্ঞাতনামা আরও ১২/১৩ জন আসামিগণের বিরুদ্ধে ধর্মীয় বিশ্বাস অবমাননা করে মিথ্যা ও প্রতারণামূলকভাবে বিশ্বাস ভঙ্গপূর্বক অর্থ আত্মসাৎ ও ভয়ভীতি প্রদর্শনের অভিযোগে দন্ডবিধির ২৯৫-ক/৪০৬/৪২০/৫০৬/১১৪/৩৪ ধারার অভিযোগ আনয়ন করা হয়েছে। যেহেতু বাংলাদেশ দণ্ডবিধি আইনের ২৯৫-ক ধারার অভিযোগও তাঁদের বিরুদ্ধে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে সেহেতু উক্ত ধারায় নিয়মিত মামলা রুজুর লক্ষ্যে ভারপ্রাপ্ত কর্মকর্তা, সাতক্ষীরা থানা, সাতক্ষীরা'কে আইনগতভাবে আবশ্যকীয় ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ এর ১৯৬ ধারার অধীন সরকারের অনুমোদন (Sanction) এতদ্দ্বারা প্রদান করা হল।

তারিখ, ১ জুলাই ২০১৩

**নং ৪৪.০০.০০০০.০৫৫.১০.০০৩.২০১১-৮৩৮**—চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ এর অধীন কোতোয়ালী থানার মামলা নং-৬৫, তারিখ, ২৭-৭-২০১২, সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ধারা ৮/৯/১০/১৩ মোতাবেক মামলাটিতে অভিযুক্ত আসামীদের বিরুদ্ধে অপরাধ বিচারার্থ আমলে গ্রহণের জন্য আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (২০০৯ সনের ১৬ নং আইন) এর ধারা ৪০(২) এর অধীন সরকারের মঞ্জুরী (Sanction) এতদ্দ্বারা প্রদান করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মিজানুর রহমান**
উপ-সচিব।

---

**রাজনৈতিক শাখা-৪**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৩০ জুন ২০১৩

**নং ৪৪.০০.০০০০.০৭৭.২১.০০১.১৩-৯৮৬**—যেহেতু, নির্বাচন কমিশনের সিদ্ধান্ত মোতাবেক আগামী ০৩ জুলাই ২০১৩ তারিখ ৯ম জাতীয় সংসদের ১৬৫ কিশোরগঞ্জ-৪ শূন্য আসনে উপ-নির্বাচন

অনুষ্ঠিত হইবে, সেহেতু, সংশ্লিষ্ট নির্বাচনী এলাকায় আইন শৃংখলা বজায় রাখার লক্ষ্যে জনস্বার্থে বৈধ ও লাইসেন্সধারী অস্ত্র মালিকদের সকল প্রকার আগ্নেয়াস্ত্র ও গোলাবারুদ বিষয়ে The Arms Act 1878 (Act No. XI of 1878) এর Section 17 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নবর্ণিত আদেশ জারী করিল :

(২) সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় ০১ জুলাই হইতে ০৭ জুলাই ২০১৩ তারিখ পর্যন্ত সকল আগ্নেয়াস্ত্র মালিকদের অস্ত্র বহন অথবা অস্ত্রসহ চলাফেরা করার উপর নিষেধাজ্ঞা আরোপ করিল।

(৩) যাহারা এ আদেশ লংঘন করিবেন তাঁহাদের বিরুদ্ধে অস্ত্র আইনের সংশ্লিষ্ট ধারা মতে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হইবে।

(৪) এই আদেশ নিম্নবর্ণিত ব্যক্তিদের ক্ষেত্রে প্রযোজ্য হইবে না, যথা :

(ক) আইন-শৃঙ্খলা রক্ষার সহিত সম্পৃক্ত সকল আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্য।

(খ) সরকারি আধাসরকারি এবং বেসরকারি বিভিন্ন দপ্তর, প্রতিষ্ঠান ও স্থাপনাসমূহে নিয়োজিত নিরাপত্তা প্রহরী।

**ব্যাখ্যা** : এই আদেশে "আইন-শৃঙ্খলা বাহিনী" বলিতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ-১৫২ তে সংজ্ঞায়িত বাহিনীকে বুঝাইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ, কে,মফিজুল হক**
উপ-সচিব (রাজ-৪)।

---

## স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
## শৃংখলা-১ শাখা
## আদেশাবলী

তারিখ, ১৯ জুন ২০১৩

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.১২৪.২০১৩-৫৭৮**—যেহেতু, ডাঃ সানজিদা শরমিন (কোড ১১১৮৭৫), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সদর, রংপুর এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ২১-৫-২০১৩ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানীর সময় তনি জানান যে, তিনি গত ৩০-০৬-২০১১ তারিখ পর্যন্ত প্রেষণে ছিলেন। অতঃপর ০৫-০২-২০১২ তারিখ তার পদায়ন আদেশ জারি হয় এবং তিনি ২৮-০২-২০১২ তারিখে পদায়নকৃত কর্মস্থল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সদর রংপুরে যোগদান করে অদ্যাবধি কর্মরত আছেন। প্রেষণ শেষে স্বাস্থ্য অধিদপ্তরে যোগদান করার বিষয়টি তাঁর জানা ছিলনা বলে অনিচ্ছাকৃত ত্রুটির জন্য ক্ষমা প্রার্থনা করেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ সানজিদা শরমিন (কোড ১১১৮৭৫), মেডিকেল অফিসার, সদর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সদর, রংপুর এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনা করে তাঁকে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(এ) বিধিমতে 'তিরস্কার' শাস্তি আরোপ করা হল।

তারিখ, ২ জুলাই ২০১৩

নং **৪৫.১৫০.০২৭.০১.০০.২২০.২০১১-৫৯৮**—যেহেতু, ডা মোঃ মোশাররফ হোসেন খন্দকার (৪৫৬০৯), প্রভাষক, ঢাকা ডেন্টাল কলেজ, ঢাকা (প্রাক্তন বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধি মতে 'অসদাচরণ' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ২৪-০৬-২০১৩ তারিখে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, শুনানীকালে তিনি জানান যে তিনি ডেপুটেশন শেষে ২৯-১০-২০০৮ তারিখে স্বাস্থ্য অধিদপ্তর হতে ছাড়পত্র গ্রহণ করে পদায়ন কৃত কর্মস্থলে কর্মরত রয়েছেন এবং তিনি ও তাঁর ঊর্দ্ধতন কর্তৃপক্ষ বদলীর আদেশটি পাননি বিধায় বদলীর আদেশ অমান্য করার কোন অবকাশ নেই।

যেহেতু, আদশটি সঠিক তথ্যের ভিত্তিতে ও সঠিকভাবে করা হয়নি বিধায় উহা পালন করার ক্ষেত্রে অভিযুক্ত কর্মকর্তার উপর কোন দায় দায়িত্ব বর্তায় না মর্মে প্রতীয়মান;

এক্ষণে, সেহেতু, ডাঃ মোঃ মোশাররফ হোসেন খন্দকার (৪৫৬০৯), প্রভাষক, ঢাকা ডেন্টাল কলেজ, ঢাকা (প্রাক্তন বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ দর্শানো নোটিশের জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি বিবেচনাপূর্বক বিভাগীয় মামলায় আনীত অভিযোগ থেকে অব্যাহতি প্রদান করা হল।

**এ. এম. বদরুদ্দোজা**
অতিরিক্ত সচিব।

---

## শৃংখলা-২ শাখা
## আদেশাবলী

তারিখ, ১১ জুন ২০১৩

**নং ৪৫.১৫১.০২৭.০০.০০.১০০.২০১৩-২২০**—যেহেতু, জনাব খন্দকার মাহবুবুর রহমান, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার (লিভরিজার্ভ), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও (সি) বিধি মোতাবেক "অসদাচরণ" ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে ১ম কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ১০-০৬-২০১৩ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। তাঁর ব্যক্তিগত শুনানী সন্তোষজনক বিবেচিত হয়নি;

এক্ষণে, জনাব খন্দকার মাহবুবুর রহমান, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার (লিভরিজার্ভ) পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ দর্শানো নোটিশের জবাব, ব্যক্তিগত শুনানী ও উপস্থাপিত সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা

করে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২) (এ) বিধি মোতাবেক তাঁকে তিরস্কার (Censure) করা হল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল।

তারিখ, ১৮ জুন ২০১৩

**নং ৪৫.১৫১.০২৭.০০.০০.০০৬.২০১২-২৩১**—যেহেতু, জনাব মোঃ আনছার আলী, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সুন্দরগঞ্জ, গাইবান্ধা (কুড়িগ্রাম জেলার উলিপুর উপজেলায় কর্মকালীন সময়ের উত্থাপিত অভিযোগ) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) বিধি মোতাবেক অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে ১ম কারণ দর্শানোর নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ২৬-০২-২০১৩ তারিখে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক তদন্ত প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়নি মর্মে মতামত প্রদান করেন;

এক্ষণে, সেহেতু, অভিযুক্ত কর্মকর্তার লিখিত জবাব, শুনানীতে প্রদত্ত বক্তব্য, তদন্ত প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র পর্যালোচনা পূর্বক জনাব মোঃ আনছার আলী, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সুন্দরগঞ্জ, গাইবান্ধা (কুড়িগ্রাম জেলার উলিপুর উপজেলায় কর্মকালীন সময়ের উত্থাপিত অভিযোগ)-কে তার বিরুদ্ধে দায়েরকৃত বর্ণিত বিভাগীয় মামলা হতে অব্যহতি প্রদান করা হল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল।

**এ. এম. বদরুদ্দোজা**
অতিরিক্ত সচিব।

---

**জনস্বাস্থ্য-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৪ জুন ২০১৩

**নং স্বাপকম / জনস্বাস্থ্য-১ / মন্ত্রিসভা-১ / ২০১৩/১৫০**—The International Centre for Diarrhoeal Disease Research Bangladesh Ordinance, 1978 এবং The International Centre for Diarrhoeal Disease Research Banglaesh (Amendment) Ordinance, 1985 এর বাংলায় অনুদিত আইনের খসড়া পর্যালোচনাপূর্বক হালনাগাদ করে চুড়ান্ত করণের লক্ষ্যে নিম্নোক্ত কমিটি গঠন করা হল ঃ

**সভাপতি**

(১) অতিরিক্ত সচিব (জনস্বাস্থ্য ও বিশ্বস্বাস্থ্য), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

**সদস্যবৃন্দ**

(২) অধ্যাপক ড. সোহরাব আলী, প্রাক্তন সদস্য পাবলিক সার্ভিস কমিশন।

(৩) ড. আব্বাস ভূইঞা, ডেপুটি এক্সিকিউটিভ ডাইরেক্টর, ICDDRB, মহাখালী, ঢাকা।

**সদস্য সচিব**

(৪) যুগ্ম-সচিব (জনস্বাস্থ্য), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

২। **কমিটির কার্যপরিধি ঃ**

কমিটি ICDDRB, কর্তৃক প্রণীত বাংলায় অনুদিত আইনের খসড়া পর্যালোচনাপূর্বক হালনাগাদ করে চূড়ান্ত খসড়া আগামী ১(এক) মাসের মধ্যে সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় বরাবর দাখিল করবে।

৩। কমিটি প্রয়োজনে সদস্য-কো-অপ্ট করতে পারবে।

৪। জনস্বার্থে এই কমিটি গঠন করা হল এবং এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফাতেমা রহিম ভীনা**
উপসচিব।

---

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**পৌর-১ অধিশাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ১২ আষাঢ় ১৪২০/২৬ জুন ২০১৩

**নং ৪৬.০৬৩.০২৭.০১.০০.০০১.২০১৩-৯২৭**—যেহেতু, জনাব মোঃ রবিউল ইসলাম (রবি), চাঁপাইনবাবগঞ্জ পৌরসভার ৩ নং ওয়ার্ড কাউন্সিলর।

যেহেতু, তাঁর বিরুদ্ধে চাঁপাইনবাবগঞ্জ উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডার জনাব মোঃ আব্দুর রহমান এর অভিযোগের আলোকে চাঁপাইনবাবগঞ্জ সদর মডেল থানায় রুজুকৃত মামলা নং ৫১, তারিখ ২৪-০৯-২০১২ এর প্রেক্ষিতে অভিযোগপত্র নং ৬৮৭, তারিখ ২৬-১১-২০১২ গত ২৮-০২-২০১৩ খ্রিঃ তারিখে বিজ্ঞ অতিরিক্ত চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আমলী আদালত, ক-অঞ্চল, চাঁপাইনবাবগঞ্জ কর্তৃক গৃহীত হয়েছে।

যেহেতু, প্রশাসনিক দৃষ্টিকোন থেকে তাঁর দ্বারা পৌরসভার কার্যক্রম পরিচালনা করা সমীচীন নয় মর্মে প্রতীয়মান হয়েছে।

সেহেতু, সরকার তাঁকে সমায়িকভাবে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন।

এমতাবস্থায়, স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩১(১) অনুযায়ী চাঁপাইনবাবগঞ্জ পৌরসভার ৩নং ওয়ার্ড

কাউন্সিলর জনাব মোঃ রবিউল ইসলাম (রবি) কে সাময়িকভাবে বরখাস্ত করা হ'ল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হ'ল এবং তা অবিলম্বে কার্যকর হবে।

**নং ৪৬.০৬৩.০২৭.০১.০০.০০১.২০১৩-৯২৮**—যেহেতু, জনাব মোঃ আবুল হাসান, চাঁপাইনবাবগঞ্জ পৌরসভার ৪ নং ওয়ার্ড কাউন্সিলর ও প্যানেল মেয়র-১।

যেহেতু, তাঁর বিরুদ্ধে চাঁপাইনবাবগঞ্জ উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডার জনাব মোঃ আব্দুর রহমান এর অভিযোগের আলোকে চাঁপাইনবাবগঞ্জ সদর মডেল থানায় রুজুকৃত মামলা নং ৫১, তারিখ ২৪-০৯-২০১২ এর প্রেক্ষিতে অভিযোগপত্র নং ৬৮৭, তারিখ ২৬-১১-২০১২ গত ২৮-০২-২০১৩ খ্রিঃ তারিখে বিজ্ঞ অতিরিক্ত চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আমলী আদালত, ক-অঞ্চল, চাঁপাইনবাবগঞ্জ কর্তৃক গৃহীত হয়েছে।

যেহেতু, প্রশাসনিক দৃষ্টিকোন থেকে তাঁর দ্বারা পৌরসভার কার্যক্রম পরিচালনা করা সমীচীন নয় মর্মে প্রতীয়মান হয়েছে।

সেহেতু, সরকার তাঁকে সমায়িকভাবে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন।

এমতাবস্থায়, স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩১(১) অনুযায়ী চাঁপাইনবাবগঞ্জ পৌরসভার ৪নং ওয়ার্ড কাউন্সিলর ও প্যানেল মেয়র-১ জনাব মোঃ আবুল হাসানকে সাময়িকভাবে বরখাস্ত করা হ'ল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হ'ল এবং তা অবিলম্বে কার্যকর হবে।

**নং ৪৬.০৬৩.০২৭.০১.০০.০০১.২০১৩-৯২৯**—যেহেতু, জনাব মোঃ ময়েজ উদ্দীন, চাঁপাইনবাবগঞ্জ পৌরসভার ৫ নং ওয়ার্ড কাউন্সিলর ।

যেহেতু, তাঁর বিরুদ্ধে চাঁপাইনবাবগঞ্জ উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডার জনাব মোঃ আব্দুর রহমান এর অভিযোগের আলোকে চাঁপাইনবাবগঞ্জ সদর মডেল থানায় রুজুকৃত মামলা নং ৫১, তারিখ ২৪-০৯-২০১২ এর প্রেক্ষিতে অভিযোগপত্র নং ৬৮৭, তারিখ ২৬-১১-২০১২ গত ২৮-০২-২০১৩ খ্রিঃ তারিখে বিজ্ঞ অতিরিক্ত চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আমলী আদালত, ক অঞ্চল, চাঁপাইনবাবগঞ্জ কর্তৃক গৃহীত হয়েছে।

যেহেতু, প্রশাসনিক দৃষ্টিকোন থেকে তাঁর দ্বারা পৌরসভার কার্যক্রম পরিচালনা করা সমীচীন নয় মর্মে প্রতীয়মান হয়েছে।

সেহেতু, সরকার তাঁকে সমায়িকভাবে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন।

এমতাবস্থায়, স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩১(১) অনুযায়ী চাঁপাইনবাবগঞ্জ পৌরসভার ৫নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মোঃ ময়েজ উদ্দীনকে সাময়িকভাবে বরখাস্ত করা হ'ল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হ'ল এবং তা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ খলিলুর রহমান**
উপ-সচিব।

**জনপ্রশাসন মন্ত্রণালয়**

**বিধি-৪ শাখা**

**বিজ্ঞপ্তি**

তারিখ, ০৮ আশ্বিন ১৪২০/২৩ সেপ্টেম্বর ২০১৩

**নং ০৫.০০.০০০০.১৭৩.০৮.০০১.১২-২২৮**—নির্বাচন কমিশন কর্তৃক ঘোষিত সময়সূচি অনুসারে ০৩ অক্টোবর, ২০১৩ খ্রিঃ তারিখ বৃহস্পতিবার জাতীয় সংসদের ১১০ বরগুনা-২ নির্বাচনী এলাকার শূন্য আসনের নির্বাচন অনুষ্ঠিত হবে। উক্ত ভোটগ্রহণ উপলক্ষে নির্বাচন সংশ্লিষ্ট জাতীয় সংসদের ১১০ বরগুনা-২ নির্বাচনী এলাকাধীন সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত ও বেসরকারি অফিস/প্রতিষ্ঠান/সংস্থায় কর্মরত কর্মকর্তা/ কর্মচারীগণ এবং সরকারি, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মকর্তা/ কর্মচারীবৃন্দ তাদের স্ব স্ব ভোটাধিকার প্রয়োগ ও ভোটগ্রহণের সুবিধার্থে ভোটের দিন ০৩ অক্টোবর, ২০১৩ খ্রিস্টাব্দ/১৮ আশ্বিন, ১৪২০ বঙ্গাব্দ তারিখ বৃহস্পতিবার দিন জাতীয় সংসদের ১১০ বরগুনা-২ নির্বচনী এলাকায় সাধারণ ছুটি (সংশ্লিষ্ট নির্বাচনী এলাকায় যদি উক্ত তারিখে কোন পাবলিক পরীক্ষা অনুষ্ঠিত হয় তাহলে পরীক্ষার কেন্দ্রসমূহ ও পরীক্ষা সংশ্লিষ্ট শিক্ষক/কর্মচারীগণ সাধারণ ছুটির আওতা বহির্ভূত থাকবে) ঘোষণা করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ এস এম মুস্তাফিজুর রহমান**
সিনিয়র সহকারী সচিব।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**

**আইন ও বিচার বিভাগ**

**বিচার শাখা-৭**

**আদেশ**

তারিখ, ২২ সেপ্টেম্বর ২০১৩

**নং বিচার-৭/২এন-২৩/২০১৩-৯৬০**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব সুনীল চন্দ্র দাস, পিতা মৃত মঙ্গল চন্দ্র দাস, মাতা প্রভাসিনী দাস, গ্রাম ভাটারা (ভাটারা কালী মন্দির রোড), পোঃ গুলশান, থানা ভাটারা, জেলা ঢাকা) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ঢাকা সিটি কর্পোরেশন বহির্ভূত গুলশান থানার (ভাটারা ইউনিয়ন) এলাকার জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

**আল আসাদ মোঃ আসিফুজ্জামান**
সিনিয়র সহকারী সচিব (অঃদাঃ)।

**আদেশ**

তারিখ, ১৯ সেপ্টেম্বর ২০১৩

**নং বিচার-৭/২এন-২৩/২০১৩-৯৪২**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব বিনোদ চন্দ্র দেবনাথ, পিতা মৃত সুধন্য দেবনাথ, মাতা শচী রানী দেবনাথ, স্থায়ী ঠিকানাঃ বাড়ী নম্বর ৩৯, রোড নং ১২, ডি, আইটি প্রজেক্ট, মেরুল বাড্ডা, ঢাকা-১২১২) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ঢাকা সিটি কর্পোরেশন উত্তর এর 'ক' অঞ্চলের ১, ১৭, ১৮, ১৯, ২০ ও ২১নং ওয়ার্ড এলাকার জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

**মোঃ হেমায়েত উদ্দিন**
সিনিয়র সহকারী সচিব।